দামুড়হুদায় নারীর প্রতি সহিংসতা ও নারী অধিকার প্রতিষ্ঠার মতবিনিময়

দামুড়হুদায় নারীর প্রতি সহিংসতা কমিয়ে এনে নারী অধিকার প্রতিষ্ঠা করা প্রকল্পের চার মাস অন্তর ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্য, কাজী, ঈমাম ও ধর্মীয় নেতাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের হলরুমে। ব্রেড ফর দ্যা ওয়ার্ল্ড, জার্মানি সংস্থার সহযোগীতায়, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার আয়োজনে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন মনিটরিং অফিসার বিপ্লব বিশ্বাস। এসময় বাল্য বিবাহ বন্ধে ইউনিয়ন পরিষদের ইউপি সদস্যদের ভূমিকা ও কাজীদের করণীয় বিষয়ে বিশদ আলোচনা করা হয়।

দীল তৈহিদা পারভীন এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, সদর ইউনিয়ন পরিষদের সচিব শামিম রেজা, ইউপি সদস্য জাহিদুল ইসলাম, হাসান আলী, সামসুল ইসলাম, মতিয়ার রহমান, দামুড়হুদা সদর কাজী কুতুব উদ্দিন সহ সকল ইউপি সদস্যগণ।

অনুষ্ঠানটি পরিচালনা করতে সহযোগিতা করেন, পি এফ হালিমা খাতুন ও এ এ হাবিবুর রহমান।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলায় ১০ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ৬ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে এক মাস ৭ দিন ধরে পাখি ভ্যান চালক জিবন নিখোঁজ

এক মাস ৭ দিন পার হলেও কোনো হদিশ পাওয়া যায়নি পাখি ভ্যান চালক কিশোর জিবন (১৬) কে। জিবন মেহেরপুর সদর উপজেলার পুরাতন দরবেশপুর গ্রামের বাবু’র ছেলে।

কিশোর জিবন পেশায় একজন পাখি ভ্যান চালক হলেও মাঝে মধ্যে চুয়াডাঙ্গা থেকে মুদিও বিভিন্ন মালামাল কিনে এনে স্থানীয় দোকানদারদের কাছে বিক্রি করতো।

গত মাসের ২২ তারিখে জিবন তার বাড়ি থেকে পাখি ভ্যান নিয়ে বের হয়ে অদ্যবধি ফিরে আসেনি। এঘটনায় জিবনের পিতা বাবু হোসেন মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডাইরি করেছেন। ডাইরি নং ১২৪৩, তারিখ ২৪/০৮/২০২২ ইং।

জিবনের পিতার উদ্ধৃতি দিয়ে স্থানীয় বারাদী পুলিশ ক্যাম্পের

ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মফিজ জানান, জিবন প্রতিদিনের ন্যায় ওই দিনও পাখি ভ্যান নিয়ে বাড়ি থেকে বের হয়ে আসেন। পরে আর সে বাড়িতে ফিরে যায়নি। তাদের আত্মীয় স্বজন থেকে শুরু করে সম্ভাব্য সব স্থানেই খোঁজাখুজি করেন। একদিন পরে সদর থানায় একটি জিডি করেন।
এসআই মফিজ বলেন, এরপর এলাকার সব যায়গায় পুলিশের পক্ষ থেকে খোঁজাখুজি করা হয়েছে। বিভিন্ন স্থানে তারবার্তাও দেওয়া হয়েছে। আসলে জিবনের ভাগ্য কি হয়েছে বোঝা যাচ্ছেনা।

এদিকে জিবনের ইনকামের উপরই দিন মজুর পিতার সংসারের স্বচ্ছলতা নির্ভর করতো। জিবনকে না পাওয়ায় পিতা মাতা এখন অনেকটাই দিশেহারা হয়ে পড়েছে।

তবে, পুলিশের পক্ষ থেকে সব ধরণের ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানান এসআই মফিজ।

বারাদীতে খড়ি কুড়াতে গিয়ে প্রাণ হারালেন রশিদা

বাড়ির পাশে ফার্নিচারের কারখানাতে খড়ি কুড়াতে গিয়ে বিদ্যুৎস্পৃট হয়ে নিথর হলেন রশিদা খাতুন (৫৫)।
নিহত রশিদা খাতুন মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের জামে মসজিদের মোয়াজ্জিন আলী মোহাম্মদ এর স্ত্রী।
আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৫ টার দিকে মারা যান তিনি।
স্থানীয়রা জানান, ওই নারী ভোররাতের দিকে বাড়ির পাশে মামুনের ফার্নিচারের কারখানার ভিতরে খড়ি কুড়াতে যান। কাঠের ডিজাইন কাটা মেসিনের পাশের খড়ি নিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান।
ভোরবেলায় মুসুল্লিরা নামাজ পড়ে আসার পথে রশিদা খাতুন এর মরদেহটি দেখতে পান। পরিবারের লোকজন মরদেহটি উদ্ধার কর হয়।
মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

গাংনীতে ১৫ কেজি রুপাসহ দুই পাচারকারী আটক

গাংনীর করমদি থেকে ১৫ কেজি রোপ্যসহ দুই পাচারকারীকে আটক করেছে পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার চককল্যানপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে আকাশ (৩২) ও শওকত আলীর ছেলে রানা আহমেদ (৩৪)। এ ঘটনায় আরো একজন পলাতক রয়েছে।

আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৯ টার দিকে বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়কের করমদী মাঠপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের ব্যবহৃত প্যাশন প্লাস মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) ইস্রাফিল হোসেন, টুআইসি এএসআই মাহাতাব আলীসহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ভারতে রোপা পাচারের উদ্দ্যেশে একটি চক্র বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়ক হয়ে সীমান্তে যাচ্ছে এমন সংবাদে পুলিশের একটি টিম করমদী মাঠপাড়া এলাকায় অবস্থান নেয়। এসময় মোটরসাইকেলে তিনজন ব্যক্তি পলিথিনে মোড়ানো রোপ্য সিট কাপড়ের (ত্যানা) মধ্যে করে বিশেষভাবে মুড়িয়ে নিয়ে যাচ্ছিল। পুলিশের সন্দেহ হলে তাদের মোটরসাইকেলের গতিরোধ করেন। এসময় মোটরসাইকেল ফেলে একজন পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে ১৫ কেজি রোপ্য সহ দুই পাচারকারীকে আটক করেন। উদ্ধারকৃত রোপ্য’র আনুমানিক মূল্য ১২ লাখ টাকা বলে জানিয়েছেন পুলিশ।

এঘটনায় বিশেষ হ্মমতা আইনে মামলা দায়ের করে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্ততি চলছে।

গতকাল (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর শহর থেকে ৬ টি স্বর্ণের বারসহ এক

নারীসহ দুজনকে আটক করেছিলো মেহেরপুর সদর থানা পুলিশ। একদিনের ব্যবধানে এই অভিযান।

মুজিবনগরে নানা আয়োজনে পালিত হলো প্রধানমন্ত্রীর জন্মদিন

মুজিবনগরে কেক কাটা আলোচনা সভা ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দেশ নায়কের ৭৬ তম জন্মদিন উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এক অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুব মহিলালীগের সভাপতি তসলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি মতিউর রহমান মাতিন, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দোলন, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব প্রমুখ।

জন্মদিনের আলোচনা সভায় বক্তারা বলেন শেখ হাসিনা বাংলাদেশকে প্রগতির পথে, উন্নয়নের পথে, শান্তির পথে এগিয়ে নিয়ে গেছেন। তার জন্মদিন মানে শুভ ও কল্যাণের পথে আমাদের সবার এগিয়ে যাওয়ার প্রত্যয়।

মেহেরপুর কলেজ ছাত্রলীগের উদ্যোগে প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

আনন্দ মিছিল, কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ বঙ্গবন্ধু কন্য ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন পালন করেছে।

বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে কলেজ ক্যাম্পাসে এ আয়োজন করে ছাত্রলীগ।মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক অমি পারভীন, সহ-সম্পাদক শামীম রেজা। এসময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। আনন্দ মিছিলটি কলেজ ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

খাবার বিতরণ

দুঃস্থদের মাঝে খাবার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্ম দিন পালন করলো বাংলাদেশ আওয়ামীলী যুবলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামী যুবলীগের মেহেরপুর জেলা শাখার আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ ও দোয়ার মাহফিলে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সহিদুল ইসলাম পেরেসান, সাহিদুজ্জামান সুইট, ইয়ানুস আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

কোটচাঁদপুর ১৫০ পিচ ইয়াবা সহ দুই জন আটক

১৫০ পিচ ইয়াবা সহ দুই জনকে আটক করেছেন কোটচাঁদপুরের গুড়পাড়া ফাঁড়ি পুলিশ। বুধবার বিকালে গুড়পাড়া বাজার থেকে তাদেরকে আটক করা হয়।

কোটচাঁদপুরের গুড়পাড়া পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আব্দুল্লা আল মামুন জানান,গোপন সংবাদে জানতে পারি দুই জন ইয়াবা বিক্রির উদেশ্যে বাজারে ঘোরাঘুরি করছেন। তাদের সন্দেহ জনক ঘোরাঘুরি দেখে আটক করা হয়। পরে ওই দুই জনের বডিতে থাকা ১৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আটকৃতরা হলেন,আলমডাঙ্গার মাজু গ্রামের আব্দুর রশিদ শেখের ছেলে সেন্টু শেখ (২৫),ও কুষ্টিয়ার আশাননগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে বিপ্লব হোসেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।